২০২৩

# বাংলা

(প্রোগ্রাম)

(দ্বিতীয় সেমেস্টার)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ল্যাঙ্গুয়েজ কোর কোর্স (LCC)

কোর্স কোড : BNG-G-LCC-T-1

(শাক্তপদাবলী, কাব্য ও উপন্যাস)

**[FEMALE]**

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা

## নির্দেশাবলী

- প্রত্যেক পরীক্ষার্থীকে একটি প্রশ্নোত্তর সম্বলিত পুস্তিকা দেওয়া হবে।
- এই পুস্তিকাটিতে ৩৫টি বহুবিকল্প ভিত্তিক প্রশ্ন থাকবে। প্রতিটির মান ২। পরীক্ষার্থীকে ৩০টি প্রশ্নের বিকল্প উত্তরটির পাশে নির্দিষ্ট স্থানে টিক (√) চিহ্ন দ্বারা উত্তর দিতে হবে।
- পরীক্ষার্থী অবশ্যই তার রোল নম্বর নিম্নলিখিত স্থানে লিখবে।
- নির্দিষ্ট স্থান ছাড়া উত্তরপত্রে আর কোন রকম দাগ না দেওয়াই বাঞ্ছনীয়।
- পরীক্ষার শেষে প্রশ্নোত্তর পুস্তিকাটি অবশ্যই পরিদর্শকের নিকট জমা করবে।

**রোল নম্বর**

**পরিদর্শকের স্বাক্ষর**

[পরের পাতায়]

সঠিক উত্তরটি নির্বাচন করে পাশে নির্দিষ্ট বক্সে টিক (√) চিহ্ন দিয়ে যে-কোনো **ত্রিশটি** প্রশ্নের উত্তর দাও:

২×৩০=৬০

১। '——— দিন স্বর্ণদীপ জ্বলিতেছে ঘরে' — শূন্যস্থানে কী হবে?

ক) এক

খ) দুই

গ) তিন

ঘ) চার

২। 'নবমীর নিশা-শেষে গিরীশের রাণী।' — এখানে 'গিরীশের রাণী' কে?

ক) মেনকা

খ) গৌরী

গ) চণ্ডী

ঘ) উমা

৩। 'কলুর চোখ-ঢাকা বলদের মত?' — 'কলুর' কথার অর্থ কী?

ক) বলদ

খ) ঈশ্বর

গ) পেষাই করা কল

ঘ) পাক খাওয়া

৪। 'মা আমায় ঘুরাবি কত,' — এই পদটির পদকর্তা কে?

ক) কমলাকান্ত ভট্টাচার্য

খ) রামপ্রসাদ সেন

গ) মধুসূদন দত্ত

ঘ) গিরিশচন্দ্র ঘোষ

৫। 'হেরিয়ে তনয়া-মুখ, পাসরিলাম সব দুখ,' — 'পাসরিলাম' শব্দটি কোন্ ক্রিয়ার কাল?

ক) অতীত কাল

খ) ভবিষ্যৎ কাল

গ) বর্তমান কাল

ঘ) ঘটমান বর্তমান কাল

৬। পাঠ্য শাক্তপদাবলীর রচয়িতাদের মধ্যে কে তার অন্তর্ভুক্ত নয়?

ক) কমলাকান্ত ভট্টাচার্য

খ) রামপ্রসাদ সেন

গ) মধুসূদন দত্ত

ঘ) গিরিশচন্দ্র ঘোষ

*[পরের পাতায়]*

৭। 'দ্বিজ রামপ্রসাদ কয়, এ দুঃখ কি প্রাণে সয়' — কোন্ পর্যায়ের পদ এটি?

ক) শক্তিসাধনা

খ) আগমনী

গ) বিজয়া

ঘ) ভক্তের আকুতি

৮। 'গিরি, এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না।' — এই উক্তির বক্তা কে?

ক) গৌরী

খ) মেনকা

গ) গিরিরাজ

ঘ) শঙ্কর

৯। 'যেয়ো না রজনী, আজি ল'য়ে তারাদলে।' — বক্তা কেন তারাদলকে যেতে বারণ করছে?

ক) সকাল হয়ে যাবে বলে

খ) মেয়ে চলে যাবে বলে

গ) অন্ধকার হয়ে যাবে বলে

ঘ) এর কোনোটাই নয়

১০। 'আমি কি হেরিলাম নিশি-স্বপনে!' — এখানে 'হেরিলাম' কথার অর্থ কী?

ক) দেখেছিলাম

খ) দেখলাম

গ) দেখিয়া

ঘ) হরণ করা

১১। 'মেঘনাদবধ কাব্যের' ষষ্ঠ সর্গের মোট চরণ সংখ্যা কত?

ক) ৭৪০

খ) ৭৪২

গ) ৭৩২

ঘ) ৭৩০

১২। 'উত্তরিলা বীরদর্পে সৌমিত্রী কেশরী,' — এখানে সৌমিত্রী কে?

ক) রাম

খ) লক্ষ্মণ

গ) ভরত

ঘ) রাবণ

১৩। 'রাবণি। হে নরপাল, পাল সযতনে' — এখানে 'রাবণি' কে?

ক) রাবণ

খ) রাবণের শত্রু

গ) রাবণ সখা

ঘ) রাবণনন্দন

১৪। 'তুই! রক্ষঃকুলনাথ-পদে আমি তোরে' — 'তুই' কী ধরনের সর্বনাম পদ?

ক) সাধারণ

খ) সম্ভ্রমার্থক

গ) তুচ্ছার্থক

ঘ) নির্দেশক

১৫। 'নিকষা সতী তোমার জননী' — 'নিকষা' কে?

ক) রাবণের মাতা

খ) বিভীষণের স্ত্রী

গ) ইন্দ্রজিতের মাতা

ঘ) রামের মাতা

১৬। 'তস্কর' কথাটি কে কার উদ্দেশ্যে বলেছিল?

ক) রাম রাবণকে

খ) বিভীষণ ইন্দ্রজিৎকে

গ) রাবণ রামকে

ঘ) ইন্দ্রজিৎ লক্ষ্মণকে

১৭। 'হায়, সখে, মন্থরার কুপন্থায় যবে' — 'কুপন্থায়' কথার অর্থ কী?

ক) কুপথে

খ) কুপ্রস্তাবে

গ) মন্দবুদ্ধিতে

ঘ) কুসঙ্গে

১৮। 'মেঘনাদবধ কাব্য' এর ষষ্ঠ সর্গের নাম কী?

ক) বধ

খ) অশোকবন

গ) উদ্যোগ

ঘ) শক্তি

১৯। ইন্দ্রজিৎকে হত্যা করার আগে লক্ষ্মণ কার পূজা করেন?

ক) চণ্ডীর

খ) শিবের

গ) লক্ষ্মীর

ঘ) ইন্দ্রের

২০। ষষ্ঠ সর্গের ঘটনার কাল কী ছিল?

ক) দ্বিতীয় দিবসের প্রভাত

খ) দ্বিতীয় দিবসের সন্ধ্যা

গ) প্রথম দিবসের প্রভাত

ঘ) প্রথম দিবসের সন্ধ্যা

২১। ঊর্মিলা কে?

ক) ইন্দ্রজিতের স্ত্রী

খ) রাবণের স্ত্রী

গ) ইন্দ্রজিতের মা

ঘ) লক্ষ্মণের স্ত্রী

২২। 'ধূম্রাক্ষ' কথার অর্থ কী?

ক) ধূমকেতু

খ) বানর সেনাপতি

গ) অগ্নিরাশি

ঘ) পবন দেবতা

২৩। 'প্রফুল্ল ফুল প্রত্যুষে যেমতি' — এটি কোন্ অলঙ্কারের উদাহরণ?

ক) যমক

খ) উপমা

গ) উৎপ্রেক্ষা

ঘ) রূপক

২৪। 'পল্লীসমাজ' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?

ক) ১৯১৫

খ) ১৯১৬

গ) ১৯২৬

ঘ) ১৯৩৬

২৫। 'পল্লীসমাজ' উপন্যাসটি কোন্ চরিত্রের উক্তি দিয়ে সূচনা হয়?

ক) রমার মাসী ☐

খ) বেণী ঘোষাল ☐

গ) রমেশ ☐

ঘ) রমা ☐

২৬। রমাকে কে 'রাণী' বলে ডাকতেন?

ক) রমার মা ☐

খ) রমার মাসী ☐

গ) রমেশের মা ☐

ঘ) বিশ্বেশ্বরী ☐

২৭। রমেশ কোন্ দিন পিতৃশ্রাদ্ধের জন্য কুঁয়াপুরে এসেছিল?

ক) সোমবার ☐

খ) মঙ্গলবার ☐

গ) বৃহস্পতিবার ☐

ঘ) বুধবার ☐

২৮। 'মায়ের চেয়ে মাসির বেশী দরদ' — এই প্রবাদটির বক্তা কে?

ক) গোবিন্দ গাঙ্গুলী ☐

খ) ধর্মদাস ☐

গ) গিন্নীমা ☐

ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ☐

২৯। জ্যাঠাইমা চরিত্রকে 'পল্লীসমাজ' উপন্যাসে প্রথম কোন্ পরিচ্ছেদে দেখা যায়?

ক) দুই নম্বর ☐

খ) তিন নম্বর ☐

গ) চার নম্বর ☐

ঘ) পঞ্চম নম্বর ☐

৩০। 'পল্লীসমাজ' উপন্যাসে উল্লিখিত তারকেশ্বরের পুকুরের নাম কী?

ক) সাগর পুকুর ☐

খ) দুধ পুকুর ☐

গ) রাধা পুকুর ☐

ঘ) প্রেম পুকুর ☐

*[পরের পাতায়]*

৩১। রমার ভাইয়ের নাম কী?

ক) অতীন ☐

খ) সুরেশ ☐

গ) যতীন ☐

ঘ) অমল ☐

৩২। 'পল্লীসমাজ' উপন্যাসে মোট পরিচ্ছেদ সংখ্যা কত?

ক) ১৫ ☐

খ) ১৬ ☐

গ) ১৮ ☐

ঘ) ১৯ ☐

৩৩। 'পিরপুরে' কাদের বাস বেশী?

ক) হিন্দুদের ☐

খ) মুসলমানদের ☐

গ) গরিবদের ☐

ঘ) ছোটলোকদের ☐

৩৪। আকবর কে ছিল?

ক) রমার পিরপুরের প্রজা ☐

খ) রমেশের প্রজা ☐

গ) মুসলমান প্রজা ☐

ঘ) বেণী ঘোষালের পিরপুরের প্রজা ☐

৩৫। কুঁয়াপুরের স্কুলে প্রায় কত জন ছাত্র পড়ত?

ক) ২০-২৫ জন ☐

খ) ২৫-৩০ জন ☐

গ) ৩০-৪০ জন ☐

ঘ) ৪০-৪৫ জন ☐

———